দৈনিক ইত্তেফাক

২৭

তারিখ 09 SEP 1998
পৃষ্ঠা ১ কলাম ২

৯

# শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করণে চট্টগ্রাম ভার্সিটিতে পরিষদ গঠন

(চট্টগ্রাম অফিস)

গত বৃহস্পতিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের এক বিশেষ

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষার সুষ্ঠু পরিবেশ

( ১ম পৃঃ পর )

জরুরী সভায় শিক্ষা পরিবেশ পরিষদ গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়। এই পরিষদে ৮টি ছাত্র সংগঠনের ২ জন করিয়া প্রতিনিধি থাকিবেন। ভাইস চ্যান্সেলর আলমগীর মোহাম্মদ সেরাজুদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় ইতিপূর্বে এ ব্যাপারে গঠিত কমিটির শিক্ষা পরিবেশ পরিষদ গঠন ও নীতিমালা সম্পর্কে পেশকৃত ১১টি সুপারিশ অনুমোদন করা হয়। নীতিমালাসমূহের মধ্যে রহিয়াছে: ভার্সিটিতে সুষ্ঠু ও স্বাভাবিক শিক্ষার পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে এবং যে কোন ধরনের অবাঞ্ছিত ও সন্ত্রাসমূলক কর্মকাণ্ড প্রতিরোধ, প্রয়োজনবোধে আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থার সহায়তায় অস্ত্র, মাদকদ্রব্য ইত্যাদি উদ্ধারে যেকোন সময় হলসহ বিশ্ববিদ্যালয় চত্বরের যে কোন অংশে তল্লাশী চালানো যাইবে। শিক্ষা পরিবেশ পরিষদ গঠনের রূপরেখায় বলা হয় যে, ভাইস চ্যান্সেলর পরিষদের সভাপতি ও প্রক্টর সদস্য সচিব হইবেন।

### ছাত্র সংগ্রাম পরিষদের অভিনন্দন

আমাদের ঢাকা বিশ্ববিদ্যালয় রিপোর্টার জানান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষা পরিবেশ পরিষদ গঠন করায় কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ এক বিবৃতিতে অভিনন্দন জানাইয়াছে। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টও এক বিবৃতিতে অনুরূপ অভিনন্দন জানাইয়াছে।